গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা

**রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মো: ফাহিমুল ইসলাম
সচিব, রেলপথ মন্ত্রণালয়
সভার তারিখ : ২৭ এপ্রিল, ২০২৬
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (৯৩০) ও জুম প্লাটফর্ম

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান, রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) বাজেট বাস্তবায়ন অগ্রগতি (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়) ও বাজেট বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ বিস্তারিত আলোচনা করেন। অতঃপর সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন)-কে অনুরোধ জানানো হলে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

০২। **আলোচ্যসূচি-১ : বিগত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি।**

বিগত ২৯ জানুয়ারি, ২০২৬ অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) বাজেট বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ক) | গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তে কারো আপত্তি না থাকলে তা দৃঢ়করণ। | সংশ্লিষ্ট সকল |
| (খ) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক ২০২৫-২৬ অর্থবছরের কোয়ার্টার ভিত্তিক রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে , পরিচালন ব্যয়ের গ-১ ফরমে, উন্নয়ন ব্যয়ের গ-২ যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১০৮ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে।<br><br>২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) এর বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার তারিখ আগামী ১৬ এপ্রিল ২০২৬ নির্ধারণ করা হলো এবং এ অনুযায়ী সভার নোটিশ প্রেরণ করতে হবে। | ১। সচিবালয় হতে রাজস্ব আয়ের **'প্রাপ্তি ১ ও ২'** ফরমে এবং পরিচালন ব্যয়ের **'গ-১'** ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট ২১ এপ্রিল ২০২৬ তারিখে পাওয়া গেছে।<br><br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে রাজস্ব আয়ের **'প্রাপ্তি ১ ও ২'** ফরমে এবং পরিচালন ব্যয়ের **'গ-১ '** ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট ০৭ এপ্রিল ২০২৬ তারিখে পাওয়া গেছে।<br><br>৩। বাংলাদেশ রেলওয়ে হতে-১ম, ২য়, ৩য় কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে ১৬টি বাজেট ইউনিট; পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) এর ১০৮ টি ডিডিওর **পরিচালন ব্যয়ের গ-১ তথ্য** ৯৩ টি বাজেট ইউনিট; পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর ৬০ টি বাজেট ইউনিটের মধ্যে **পরিচালন ব্যয়ের গ-১** ফরম অনুযায়ী তথ্য ৩৫টি বাজেট ইউনিট হতে ১৬ এপ্রিল ২০২৬ পাওয়া গেছে।<br><br>৪। বাংলাদেশ রেলওয়ের ২৮ টি প্রকল্প হতে **উন্নয়ন ব্যয়ের গ-১** ফরম অনুযায়ী তথ্য ০৯ এপ্রিল ২০২৬ পাওয়া গেছে। |
| (গ) | বাংলাদেশ রেলওয়ের যেসকল বাজেট ইউনিট ২০২৫-২৬ অর্থবছরের ২য় কোয়ার্টারের রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরম, পরিচালন ব্যয়ের গ-১ ফরম এবং প্রকল্প পরিচালকগণ | -মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে হতে তথ্য প্রেরণ করা হয়নি। |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| | উন্নয়ন ব্যয়ের গ-২ ফরম প্রেরণ করেনি সেসকল বাজেট ইউনিটকে সঠিকভাবে পুরণপূর্বক আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| | মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত ৬৮ টি আয়ের খাতে সকল বাজেট ইউনিটকে 'এ চালানের' মাধ্যমে দ্রুততম সময়ে (T+O) কোষাগারে জমা দিতে হবে। অনলাইন টিকিট বিক্রির মাধ্যমে প্রাপ্ত অর্থ সহজ-ভিনসেন কে দ্রুততম সময়ের মধ্যে (T+O) টিএসএ তে জমাকরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এর হিসাব ও পরিদর্শন শাখা হতে ১২ মার্চ ২০২৬ জুলাই-ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যালেন্স শীট ও অর্থনৈতিক কোড ভিত্তিক হিসাব প্রেরণ করা হয়। |
| | বাংলাদেশ রেলওয়ের সকল স্টেশন ভিত্তিক যাত্রী আয়, টিকিট ও জরিমানা আদায়ের অর্থ T+O নীতিতে কোষাগারে (TSA) অতিদ্রুত জমা প্রদান, সহজ-ভিনসেন এর আয় আর্থিক বিধি বিধান অনুযায়ী জমাদান, রেলওয়ের সকল অর্থ ক্যাশলেস মাধ্যমে লেনদেন, কর বহির্ভূত রাজস্ব (Non Tax Revenue) এ চালানে জমা প্রদান বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো: | |
| | ১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-আহবায়ক<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে-সদস্য<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে-সদস্য<br>৪। সিসিএম, বাংলাদেশ রেলওয়ে, পূর্ব-সদস্য<br>৫। অর্থ বিভাগ প্রতিনিধি- সদস্য<br>৬। এফএএন্ডসিও, বাংলাদেশ রেলওয়ে, পূর্ব-সদস্য<br>৫। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা-সদস্য-সচিব | -কমিটি গঠন করা হয়েছে। |
| | কমিটি আগামী ০২ মাসের মধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| | বাংলাদেশ রেলওয়ের এফএ এন্ড সিএও, চট্টগ্রাম ও আইবাস টিম সমন্বয়ে বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থনৈতিক কোড ভিত্তিক 'একাউন্টিং ইন্টিগ্রেশনের' অগ্রগতির উপর পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করতে হবে। | -অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) হতে কোন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়নি। |
| (ঘ) | সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ বাংলাদেশ রেলওয়ের বিশেষ কার্যক্রমের বিভিন্ন খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় এর ব্যয় নিশ্চিতকরণ এবং বেতন-ভাতাদি খাতে যেসকল বাজেট ইউনিটের বাজটে হ্রাস করা হয়েছে প্রকৃত জনবলের উপর ভিত্তি করে পুনঃউপযোজন প্রস্তাব প্রেরণসহ সকল জটিলতা নিরসণে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)কে ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবে। আগামী ০৭ (সাত) কার্যদিবসের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিভিন্ন বাজেট ইউনিটের বেতন-ভাতা খাতে পুনঃউপযোজন প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| (ঙ) | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট ৪র্থ কোয়ার্টারের অর্থ ছাড়ের জন্য ছাড়কৃত অর্থের সকল বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে ০১ আগস্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে ২০২৫-২৬ অর্থবছরের এপিপি, কোয়ার্টারের অর্থনৈতিক কোডভিত্তিক | গত ৩১ মার্চ ২০২৬ ইং ৪র্থ কোয়ার্টারের অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে পত্র প্রেরণ করা হয়েছে। |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| | ব্যয় বিবরণী, বিল বিবরণী, ক্রয়ের প্রমাণক ও আইবাস কপি প্রমাণক সহকারে তথ্য প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই অনুমোদিত এপিপি ব্যতীত অর্থ ছাড় করা হবে না। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর বিভিন্ন অর্থনৈতিক কোডের আওতাভুক্ত ৬০ টি বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের ৫০ টি অর্থনৈতিক কোডে ৪র্থ কোয়ার্টারের অর্থ ছাড়ের প্রস্তাব আগামী ০৫ এপ্রিল ২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ৩০ জুন অর্থ সমর্পণ না করে সম্ভাব্য অব্যয়িত অর্থ চাহিদা অনুযায়ী ৪র্থ কোয়ার্টার অর্থ বরাদ্দের সময় পুনঃবরাদ্দ বা পুনঃউপযোজনের মাধ্যমে পরিচালন ব্যয় বাজেট বাস্তায়ন করতে হবে। | |
| (চ) | পরিচালন ব্যয়ের আওতায় আউটসোর্সিং বা টিএলআরখাতভুক্ত পরিচ্ছন্নতাকর্মী, অনবোর্ড সার্ভিস, ড্রাইভার, গেইটকিপার, বা ওয়ার্কশপে শ্রমিক নিয়ুক্তকরণ প্রতিটি ক্ষেত্রে ব্যাংক একাউন্টে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী শ্রমিকের মজুরি/আউটসোর্সং সেবাকর্মীর সেবামূল্য সকল বাজেট ইউনিটকে ডিজিটাল পেমেন্ট নিশ্চিত করতে হবে। আউটসোর্সিং বা টিএলআরখাতভুক্ত ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত জনবল বাজেট ইউনিট ভিত্তিক তালিকা ও পেমেন্ট বিবরণী বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১০৮টি বাজেট ইউনিটের মধ্যে ৩৫টি বাজেট ইউনিট হতে এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। |
| (ছ) | বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন বাজেট ইউনিট বিশেষ করে বিভাগীয় প্রকৌশলীগণ-কে সঠিকভাবে হোল্ডিং নম্বর ও বাস্তবভিত্তিক সম্পত্তি/স্থাপনা বিষয়ে যাচাইপূর্বক 'পৌরকর' এর বিল প্রদানের জন্য সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশনের সহিত প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে। ব্যবহার ভিত্তিক 'ভূমি উন্নয়ন কর' নির্ধারণে প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা এবং বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ভূমি অফিসে প্রয়োজনীয় যোগাযোগ করবেন। | 'পৌরকর' ও 'ভূমি উন্নয়ন কর' বিষয়ে কোন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়নি। |
| (জ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্ব স্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি ০৩ মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যথাসময়ে বাজেট সভা না করার উপযুক্ত কারণ ও ব্যখ্যা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>তাছাড়ও বাজেট বাস্তবায়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | -বাজেট বিষয়ক সভার বিষয়ে কোন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়নি।<br><br>- ১০৮টি বাজেট ইউনিটের মধ্যে ২৯টি বাজেট ইউনিট হতে প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বাজেট বিষয়ক প্রশিক্ষণ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। |
| (ঝ) | সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ধারা-১৩, ১৪ ও ১৫ ধারা অনুযায়ী প্রকল্পের বাজেট বিষয়ক বরাদ্দ ছাড়, পুনঃউপযোজন, উন্নয়ন ব্যয়ের আওতাভুক্ত বিভিন্ন প্রকল্পের খাত ভিত্তিক/অর্থনৈতিক কোডভিত্তিক বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত গঠিত পরিবীক্ষণ টিমের সদস্যবৃন্দ পরিবীক্ষণ কার্যক্রম সম্পন্ন করে এর প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | (ক) রেলপথ মন্ত্রণালয় হতে গঠিত পরিবীক্ষণ টিম-২ এর টিম লিডার জনাব মোহাম্মদ জামাল হোসেন, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা) কর্তৃক ১৯ জানুয়ারি ২০২৬ তারিখ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ) ঢাকা এবং ২২ জানুয়ারি ২০২৬ বিভাগীয় প্রকৌশলী-১ ঢাকা এর বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হয়; এবং |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| | | (খ) রেলপথ মন্ত্রণালয় হতে গঠিত পরিবীক্ষণ টিম-৩ এর টিম লিডার জনাব মোঃ নাজমুল হুদা, উপসচিব (প্রশাসন-৪) কর্তৃক গত ২৬ ও ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ০২ টি উন্নয়ন প্রকল্পের বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হয়। |
| (ঞ) | বাংলাদেশ রেলওয়ের সঠিকভাবে বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনে বাজেট ইউনিট সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার লক্ষ্যে মন্ত্রণালয় গঠিত কমিটি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে। | গত ১৬ এপ্রিল ২০২৬ তারিখ কেন্দ্রীয়াঞ্চলে কমিটি কর্তৃক বাজেট ইউনিট যৌক্তিকীকরণ সভা অনুষ্ঠিত হয়। |
| (ট) | আইবাস++ সিস্টেমে বা ম্যানুয়ালে A-Challan এর কপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কর্তৃক সংরক্ষণ ও হিসাব নিয়মিতভাবে লেজারে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতি মাসে এর হিসাববিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ রেলওয়ে এর হিসাব ও পরিদর্শন শাখা হতে ১২ মার্চ ২০২৬ জুলাই-ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যালেন্স শীট ও অর্থনৈতিক কোড ভিত্তিক হিসাব প্রেরণ করা হয়। |

**০৩। <u>আলোচ্যসূচি-২</u> : রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) রাজস্ব প্রাপ্তির, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয় লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

৩.১ রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) বাজেট বাস্তবায়ন অগ্রগতি নিম্নের সারণিতে দেখানো হলোঃ

**ছক-৩.১: বাজেট বাস্তবায়ন অগ্রগতি (রাজস্ব, পরিচালন ও উন্নয়ন) সংশোধিত ২০২৫-২৬**

(অংকসমূহ হাজার টাকায়)

| বিবরণ | সংশোধিত বাজেট ২০২৫-২৬ | ১ম কোয়ার্টারের প্রকৃত (আয়/ব্যয়) | ২য় কোয়ার্টারের প্রকৃত (আয়/ব্যয়) | ৩য় কোয়ার্টারের প্রকৃত (আয়/ব্যয়) | ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে ক্রমপুঞ্জীভূত প্রকৃত (আয়/ব্যয়) | শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| রাজস্ব ও প্রাপ্তি | | | | | | |
| সর্বমোট রাজস্ব ও প্রাপ্তি | ২৩৭৩,৪২,৮০ | ৫৩৩,০১,৫৯ | ৫২২,৮২,৮৫ | ৪৮৬,৯২,০০ | ১৫৪২,৭৬,৪৪ | ৬৫.০১% |
| ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) | | | | | | |
| পরিচালন ব্যয় | ৪২২৯,০১,০০ | ৮৮৯,০০,১৬ | ৯৬৮,৫৯,৫২ | ১০২২,৮২,৭৮ | ২৮৮০,৪২,৪৬ | ৬৮.১১% |
| উন্নয়ন ব্যয় | ৪৯২৪,০২,০০ | ১৪৩,০২,৯৭ | ৫৯৪,৮০,১৭ | ৪২৬,২৪,৭৬ | ১১৬৪,০৭,৯০ | ২৩.৬৪% |
| সর্বমোট ব্যয়= | ৯১৫৩,০৩,০০ | ১০৩২,০৩,১৩ | ১৫৬৩,৩৯,৬৯ | ১৪৪৯,০৭,৫৪ | ৪০৪৪,৫০,৩৬ | ৪৪.১৮% |

৩.২ রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নের সারণিতে দেখানো হলোঃ

**ছক-৩.২ রাজস্ব ও প্রাপ্তি**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত ২০২৫-২৬ রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২০২৫-২৬ অর্থবছর | | | ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের ক্রমপুঞ্জীভূত | | একই সময়ে ২০২৪-২৫ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের ক্রমপুঞ্জীভূত | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়ার্টার প্রকৃত আয় | ২য় কোয়ার্টার প্রকৃত আয় | ৩য় কোয়ার্টার প্রকৃত আয় | প্রকৃত আয় | হার | প্রকৃত আয় | হার |
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ৭,২৫ | ৫,৫৯ | ৫,৮৫ | ৩৬ | ১১,৮০ | - | ৮৬ | - |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | - | - | - | - | - | | - | |
| উপমোট (সচিবালয়)= | | ৫,৫৯ | ৫,৮৫ | ৩৬ | ১১,৮০ | | ৮৬ | |
| বাংলাদেশ রেলওয়ের কেন্দ্রীয়াঞ্চল | ১৮০,০০,০০ | ৪৬,২৭,০০ | ৩৯,১৩,০০ | ৩৯,২৩,০০ | ১২৪,৩০,০০ | - | ১০৬,৬৯,০০ | - |
| বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল | ১২৫০,০০,০০ | ৩০৯,৬৮,০০ | ৩১৩,৯৪,০০ | ২৮৪,৮৬,০০ | ৯০৮,৪৮,০০ | - | ৭৫৮,৪৪,০০ | - |
| বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চল | ৯৪৩,৩৫,৫৫ | ১১৭,০১,০০ | ১৬৯,৭০,০০ | ১৬২,৮৩,০০ | ৪৪৯,৫৪,০০ | - | ৪৩২,২০,০০ | - |
| উপমোট (বাংলাদেশ রেলওয়ে)= | ২৩৭৩,৩৫,৫৫ | ৫৩২,৯৬,০০ | ৫২২,৭৭,০০ | ৪৮৬,৬২,০০ | ১৫৪২,৩৫,০০ | - | ১২৯৭,৩৩,০০ | - |
| সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)= | ২৩৭৩,৪২,৮০ | ৫৩৩,০১,৫৯ | ৫২২৮২,৮৫ | ৪৮৬,৬২,৩৬ | ১৫৪২,৪৬,৮০ | ৬৫.০১% | ১২৯৭,৩৩,৮৬ | ৪৪.৯৭% (লক্ষ্যমাত্রা ২৮৮৪,১৫,২৫) |

## ছক ৩.৩ ট্রেজারি সিঙ্গেল একাউন্ট (টিএসএ) ibass++ প্রতিবেদন

### বাংলাদেশ রেলওয়ে ৩য় কোয়ার্টার (জুলাই-মার্চ) সংশোধিত ২০২৫-২৬

(অংকসমূহ হাজার টাকায়)

| সংশোধিত বাজেট ২০২৫-২৬ লক্ষ্যমাত্রা | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩৭৩,৩৫,৫৫ | ১৭২,২৭,৯১ | ১৪৮,৪৩,০৪ | ২২৩,৫২,৭৩ | ১৪৯,৯৪,৭৬ | ১৪৪,১৩,৪০ | ২০৪,৯৮,০৩ | ১৫৫,৭৬,০৮ | ১২৩,০২,৮৬ | ১৭৯,২০,৫৫ | ১৫০১,২৯,৩৬ |

উপরের ছক ৩.৩ হতে দেখা যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২৩৭৩,৩৫,৫৫,০০০/- দুই হাজার তিনশত তিয়াত্তর কোটি পঁয়ত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা এবং ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের ক্রমপুঞ্জীভূত অর্জিত হয়েছে ১৫৪২,৪৬,৮০,০০০/- (এক হাজার পাঁচশত বিয়াল্লিশ কোটি ছেচল্লিশ লক্ষ আশি হাজার) টাকা যা মোট লক্ষ্যমাত্রার ৬৫.০১%।

৩.৩ উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান রেলপথ মন্ত্রণালয় হতে বাংলাদেশ রেলওয়ের জন্য চাহিত ৬৮টি অর্থনৈতিক কোড রাজস্ব আয়ের খাত হিসাবে এ চালানে অন্তর্ভুক্ত করা হয়েছে। রেলপথ মন্ত্রণালয়ের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন প্রস্তুতকালে এ সকল খাতসমূহে ৩৬টি প্রাতিষ্ঠানিক গ্রুপ ইউনিটের অনুকূলে ২৬১০.৬৯ কোটি টাকা রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের জুলাই হতে মার্চ ২০২৬ পর্যন্ত TSA তে সর্বমোট ১৫০১.২৯ কোটি টাকা জমা হয়। বাংলাদেশ রেলওয়ে হতে প্রেরিত প্রতিবেদন অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের জুলাই হতে মার্চ ২০২৬ পর্যন্ত মোট ১৫৪২.৩৫ কোটি টাকা আদায় করা হয়।

৩.৪ অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) জানান, A-Challan হিসাব আইবাস++ সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে প্রতিফলন না হওয়ায় সর্বশেষ ২০২৫-২৬ অর্থবছরের জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত রাজস্ব আয়ের একাউন্টিং সম্পন্ন করা হয়েছে। তবে আইবাস টিমের সাথে রাজস্ব আয়ের একাউন্টিং ইন্টিগ্রেশনের অগ্রগতি খুব শিঘ্রই মন্ত্রণালয়ে উপস্থাপন করা হবে।

৩.৫ অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান, অর্থ বিভাগের ০৩ অক্টোবর ২০২৪ জারীকৃত কর বহির্ভূত রাজস্ব (Non Tax Revenue) সম্পর্কিত পরিপত্র অনুযায়ী ইতিমধ্যে রেলপথ মন্ত্রণালয় হতে পত্র নির্দেশনার মাধ্যমে T+O নীতিতে কোষাগারে (TSA) অতিদ্রুত সকল আদায়কৃত অর্থ জমা প্রদানের জন্য বাংলাদেশ রেলওয়ে কে অনুরোধ করা হয়। তিনি জানান বাংলাদেশ রেলওয়ের T+O নীতিতে কোষাগারে (TSA) অর্থ জমাদান, অর্থনৈতিক কোড ভিত্তিক এ চালান কার্যক্রম ও Reconciliation রিপোর্ট সঠিকভাবে বাস্তবায়নের জন্য অর্থবিভাগ ও আইবাস টিমের সমন্বয়ে মন্ত্রণালয়ের কমিটি কাজ করছে।

**০৪। আলোচ্যসূচি-৩ : রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) পরিচালন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়েভুক্ত ১০৮টি বাজেট ইউনিটের ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) পরিচালন ব্যয় নিম্নের ছকে দেখানো হলোঃ

### ছক-৪.১ পরিচালন ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দ | ২০২৫-২৬ অর্থবছর | | | ক্রমপুঞ্জীভূত | | একই সময়ে ২০২৪-২৫ অর্থবছরের | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | প্রকৃত ব্যয় | হার | প্রকৃত ব্যয় | হার |
| (১) সচিবালয় | ১৫,০২,০০ | ২,৭১,৭৪ | ২,৯৬,৯৮ | ৩,৪১,৯২ | ৯,১০,৬৪ | ৬৪.৬০% | - | - |
| (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ৫৭,৩৪ | ৮,০৬ | ৭,৮২ | ৯,৭৭ | ২৫,৬৫ | ১৪.৮৪% | - | - |
| (৩) মোট সচিবালয় (১+২) | ১৫,৫৯,৩৪ | ২,৭৩,৮২ | ৩,০০,২৬ | ৩,৫১,৬৯ | ৯,৩৬,২৯ | ৬০.০৪% | - | - |
| (৪) বাংলাদেশ রেলওয়ে (৩) | ৪২১৩,৪১,৬৬ | ৮৮৬,২৬,৩৪ | ৯৬৫,৫৯,২৬ | ১০১৮,৭৭,৯৬ | ২৮৭০,৬৩,৫৬ | ৬৮.১৩% | - | |
| সর্বমোট (৩+৪)= | ৪২২৯,০১,০০ | ৮৮৯,০০,১৬ | ৯৬৮,৫৯,৫২ | ৭৬৮,৮৫,২২ | ২৮৭৯,৯৯,৮৫ | ৬৮.১০% | ২৯২০,৯৬,৪০ | ৬৭.৩৬% |

## ছক-৪.২ পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম)

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ | ২০২৫-২৬ অর্থবছর | | | ক্রমপুঞ্জীভূত | | একই সময়ে ২০২৪-২৫ অর্থবছরের | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | প্রকৃত ব্যয় | হার | প্রকৃত ব্যয় | হার |
| (১) সচিবালয় | ১৫,০২,০০ | ২,৭১,৭৪ | ২,৯৬,৯৮ | ৪,০১,৬৬ | ৯,৭০,৩৮ | ৬৪.৬০% | - | - |
| (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ৫৭,৩৪ | ২,০৮ | ৩,২৮ | ৩,১৫ | ৮,৫১ | ১৪.৮৪% | - | - |
| (৩) উপমোট (১+২)= | ১৫,৫৯,৩৪ | ২,৭৩,৮২ | ৩,০০,২৬ | ৪,০৪,৮১ | ৯,৭৮,৮৯ | - | - | - |
| (৪) বাংলাদেশ রেলওয়ে | ১৪৩৮,১৪,৪৫ | ৩৫৬,৬৯,৬৮ | ৩৮৭,৫৮,৭৫ | ২১৪,২২,০৫ | ৯৫৮,৫০,৪৮ | ৬৬.৬৪% | - | - |
| সর্বমোট (৩+৪)= | ১৪৫৩,৭৩,৭৯ | ৩৫৯,৪৩,৫০ | ৩৯০,৫৯,০১ | ২১৮,২৬,৮৬ | ৯৬৮,২৯,৩৮ | ৬৬.৬০% | ১০১০,৭২,০২ | ৫৮.৫৪% |

## ছক-৪.৩ পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম)

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ | ২০২৫-২৬ অর্থবছর | | | ক্রমপুঞ্জীভূত | | একই সময়ে ২০২৪-২৫ অর্থবছরের | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | প্রকৃত ব্যয় | হার | প্রকৃত ব্যয় | হার |
| (১) সচিবালয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| (৩) উপমোট (১+২)= | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| (৪) বাংলাদেশ রেলওয়ে | ২৭৫৯,৬৭,৮৭ | ৬৫৮,৮০,৯০ | ৭০২,২০,৭০ | ৫৫১,১১,৪৮ | ১৯১২,১৩,০৮ | ৬৯.২৮% | ১৯১০,০৫,৮৯ | ৭৩.২৬% |
| সর্বমোট (৩+৪)= | ২৭৫৯,৬৭,৮৭ | ৬৫৮,৮০,৯০ | ৭০২,২০,৭০ | ৫৫১,১১,৪৮ | ১৯১২,১৩,০৮ | ৬৯.২৮% | ১৯১০,০৫,৮৯ | ৭৩.২৬% |

## ছক-৪.৪ পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) অপারেশন কোডভিত্তিক ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ | ২০২৫-২৬ অর্থবছর | | | ক্রমপুঞ্জীভূত | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | প্রকৃত ব্যয় | হার |
| (১) অবসরভাতা ভ্যবস্থাপনা (১২০০০০৯০০) | ১০৯০,০০,০০ | ২৮৬,৫০,৫৭ | ২৩৯,৮৭,৫২ | ২৪৭,৩৩,৩৭ | ৭৭৩,৭১,৪৬ | - |
| (২) পরিচালন কার্যক্রম (১২০০০২৮০২) | ৪৮৯,৭৮,২৮ | ১৭১,৮৯,৪৭ | ২৮৮,৩৭,৬৯ | ৫,২৫,৭০ | ৪৬৫,৫২,৮৬ | - |
| (৩) মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম (১২০০০২৮০৩) | ৬৪২,৬৭,৫৫ | ১২৩,২৮,৮০ | ৮১,১৪,৬৬ | ১৪৮,৪২,৬৪ | ৩৫২,৮৬,১০ | - |
| (৪) মুলধনী অনিশ্চিত হিসাব কার্যক্রম (১২০০০২৮০৫) | ৩৯৫,০০,০০ | ৪৯,১১,২২ | ৮০,৮১,২২ | ১০৭,৮৩,৯৫ | ২৩৭,৭৬,৩৯ | - |
| (৫) সম্পদ সংগ্রহ ব্যবস্থাপনা কার্যক্রম (১২০০০২৮০৬) | ১৫৭,৩৯,৩০ | ২৮,০০,৮৪ | ১১,৯৯,৬০ | ৪২,২৫,৯৯ | ৮২,২৬,৪৩ | - |
| সর্বমোট | ২৭৫৯,৬৭,৮৭ | ৬৫৮,৮০,৯০ | ৭০২,২০,৬৯ | ৫৫১,১১,৪৯ | ১৯১২,১৩,০৮ | ৬৯.২৮% |

উপরের ছক ৪.১ হতে দেখা যায় রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৪২২৯,০১,০০,০০০/- (চার হাজার দুইশত উনত্রিশ কোটি এক লক্ষ) টাকা এবং ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে ক্রমপুঞ্জীভূত প্রকৃত ব্যয় হয়েছে ২৮৭৯,৯৯,৮৫,০০০/- (দুই হাজার আটশত উনাশি কোটি নিরানব্বই লক্ষ পঁচাশি হাজার) টাকা যা লক্ষ্যমাত্রার ৬৮.১০%।

৪.১ উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান, সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) বাজেটের বাংলাদেশ রেলওয়ের অনেক বাজেট ইউনিটের বেতন ভাতা খাত হতে বরাদ্দ কর্তন করার ফলে বেতন ভাতা পরিশোধে সমস্যা হয়। বেতন ভাতা খাতে অর্থ পুনঃউপযোজন প্রস্তাব প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট বাজেট ইউনিটদের অনুরোধ করা হয়। ইতিমধ্যে এ খাতে প্রায় ১১টি জিও জারী করা হয়। ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন বাজেট প্রস্তুতকরণের সময় যথাযথভাবে বেতন ভাতা খাতে অর্থ বরাদ্দের জন্য সকল বাজেট ইউনিটদের অনুরোধ করা হয়। পরিচালন ব্যয় বিশেষ কার্যক্রম এর ৪র্থ কোয়ার্টার অর্থ ছাড়, পুনঃবরাদ্দসহ বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিটকে যে কোন বরাদ্দকৃত অর্থ প্রত্যাহার বা পুনঃউপযোজন যথাশীঘ্র মে ২০২৬ এর মধ্যে সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান।

৪.২ অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান, সংশোধিত বাজেট ২০২৫-২৬ এর সকল বরাদ্দ আর্থিক বিধি বিধান অনুসরণে ব্যয় করতে হবে। পরিচালন ব্যয় বিশেষ কার্যক্রম এর আওতায় চারটি অপারেশন কোডে বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন শাখা মেকানিক্যাল, সিভিল, অপারেশন, ইলেকট্রিক ও সিগন্যাল, স্টোর এর চাহিদার প্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটে নির্ধারিত বাজেটের অতিরিক্ত ১৭৯.৫৫ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। অর্থনৈতিক কোডভিত্তিক ব্যয় বিবরণী, বিল বিবরণী, ক্রয়ের

প্রমাণক ও আইবাস কপি পরীক্ষাপূর্বক পরিচালন ব্যয় বিশেষ কার্যক্রম এর ৪র্থ কোয়ার্টার অর্থ ছাড় প্রস্তাব প্রেরণ করার জন্য মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের ১০৮ টি বাজেট ইউনিট যৌক্তিকীকরণ (হ্রাস/বৃদ্ধি) সংক্রান্ত কেন্দ্রীয়াঞ্চলের সভা ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের অস্থায়ী শ্রমিক (টিএলআর) অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে মে ২০২৬ মাসের মধ্যে দ্রুত প্রেরণের জন্য তিনি অনুরোধ জানান।

**০৫। <u>আলোচ্যসূচি-৪:</u> রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) উন্নয়ন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আলোকে অধীনস্থ বাংলাদেশ রেলওয়ের ২৮টি প্রকল্পের সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরূপ:

**<u>ছক: ৫.১ উন্নয়ন ব্যয় সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেট</u>**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত বাজেট ২০২৫-২৬ | | |
|---|---|---|---|
| | জিওবি | পিএল | মোট |
| ১ | ২ | ৩ | ৪ |
| সচিবালয় | ০০ | ০.০০ | ০.০০ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ রেলওয়ে | ২৩৭৬, ৭৪,০০ | ২৫৪৭,২৮,০০ | ৪৯২৪,০২,০০ |
| মোট= | ২৩৭৬, ৭৪,০০ | ২৫৪৭,২৮,০০ | ৪৯২৪,০২,০০ |

**<u>ছক : ৫.১.১ উন্নয়ন ব্যয় সংশোধিত ২০২৫-২৬ ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অগ্রগতি</u>**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৫-২৬ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | | | বাজেট ২০২৫-২৬ ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | | | বাজেট ২০২৫-২৬ ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | | | ক্রমপুঞ্জীভূত প্রকৃত ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট |
| ১ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সচিবালয় | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ রেলওয়ে | ৭৮,৪২,২৭ | ৬৪,৬০,৭০ | ১৪৩,০২,৯৭ | ১৩৪,১৯,৪৪ | ৪৬৪,৬০,৭৩ | ৫৯৮,৮০,১৭ | ১৪১,৬৯,৮৮ | ২৮৪,৫৫,৮৮ | ৪২৬,২৫,৭৬ | ৩৫৪,৩১,৫৯ | ৮১৩,৭৬,৩১ | ১১৬৪,০৭,৯০ (২৩.৬৪%) |
| মোট= | ৭৮,৪২,২৭ | ৬৪,৬০,৭০ | ১৪৩,০২,৯৭ | ১৩৪,১৯,৪৪ | ৪৬৪,৬০,৭৩ | ৫৯৮,৮০,১৭ | ১৪১,৬৯,৮৮ | ২৮৪,৫৫,৮৮ | ৪২৬,২৫,৭৬ | ৩৫৪,৩১,৫৯ | ৮১৩,৭৬,৩১ | ১১৬৪,০৭,৯০ (২৩.৬৪%) |

রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে উন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা **৪৯২৪,০২,০০,০০০/-** (চার হাজার নয়শত চব্বিশ কোটি দুই লক্ষ) টাকা। এতে ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে ক্রমপুঞ্জীভূত প্রকৃত ব্যয় হয়েছে ১১৬৪,০৭,৯০,০০০/- (এক হাজার একশত চৌষট্টি কোটি সাতলক্ষ নব্বই হাজার) টাকা যা লক্ষ্যমাত্রার ২৩.৬৪% ।

**০৬। <u>আলোচ্যসূচি-৫ :</u> রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) পুনঃ উপযোজন অগ্রগতি পর্যালোচনা**

রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) পুনঃউপযোজন সংক্রান্ত মোট অফিস আদেশ হয় ১১টি এবং এতে মোট ২৬,১০,৪৫,০০০ টাকা অনুমোদন করা হয়।

**<u>ছক: ৬.১ সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) পুনঃউপযোজনের বিবরণ:</u>**

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র:নং | বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব স্মারক ও তারিখ | রেলপথ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত অর্থ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত অর্থ | বাজেট ইউনিটের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | স্মারক নং-৭৭ তারিখ: ৩১ মার্চ ২০২৬ | ৮,০৩,৩৫ | ৮,০৩,৩৫ | ৩৪টি |
| ২. | স্মারক নং-৭৬ তারিখ: ৩১ মার্চ ২০২৬ | ৩,০০,৯৩ | ৩,০০,৯৩ | ১৯টি |
| ৩ | স্মারক নং-৫৮ তারিখ: ১০ মার্চ ২০২৬ | ১,৯২,৪৬ | ১,৯২,৪৬ | ০৬টি |
| ৪ | স্মারক নং-৪২ তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ | ১,২৬,৬০ | ১,২৬,৬০ | ০২টি |
| ৫ | স্মারক নং-৩৫ তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২৬ | ২,০০ | ২,০০ | ০১টি |
| ৬ | স্মারক নং-১২ তারিখ: ১৯ জানুয়ারি ২০২৬ | ৪,৯০,২৩ | ৪,৯০,২৩ | ০৫টি |
| ৭ | স্মারক নং-১১ তারিখ: ১৯ জানুয়ারি ২০২৬ | ৩,৯৯,১১ | ৩,৯৯,১১ | ০৯টি |
| ৮ | স্মারক নং-০৯ তারিখ: ১৪ জানুয়ারি ২০২৬ | ২২,০০ | ২২,০০ | ২০টি |
| ৯ | স্মারক নং-০৮ তারিখ: ১৪ জানুয়ারি ২০২৬ | ৯৮,০৬ | ৯৮,০৬ | ১৫টি |
| ১০ | স্মারক নং-০৫ তারিখ: ০৬ জানুয়ারি ২০২৬ | ১,৫৩,৭১ | ১,৫৩,৭১ | ১৮টি |
| ১১ | স্মারক নং-০১ তারিখ: ০১ জানুয়ারি ২০২৬ | ২২,০০ | ২২,০০ | ০২টি |
| | সর্বমোট= | ২৬,১০,৪৫ | ২৬,১০,৪৫ | ১৩১টি |

৭। বাজেট ইউনিট পরিবীক্ষণ অগ্রগতি:

৭.১ রেলপথ মন্ত্রণালয় হতে গঠিত পরিবীক্ষণ টিম-২ এর টিম লিডার জনাব মোহাম্মদ জামাল হোসেন, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা) কর্তৃক ১৯ জানুয়ারি ২০২৬ তারিখ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ) ঢাকা এবং ২২ জানুয়ারি ২০২৬ বিভাগীয় প্রকৌশলী-১ ঢাকা এর বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হয়।

৭.২ রেলপথ মন্ত্রণালয় হতে গঠিত পরিবীক্ষণ টিম-৩ এর টিম লিডার জনাব মোঃ নাজমুল হুদা, উপসচিব (প্রশাসন-৪) কর্তৃক গত ২৬ ও ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ০২ টি উন্নয়ন প্রকল্পের বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হয়।

৮। **বিবিধ আলোচনাঃ**

৮.১ <u>পৌর কর/সিটি কর্পোরেশন কর ও ভূমি উন্নয়ন কর:</u>

উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান, বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন বাজেট ইউনিট বিশেষ করে বাংলাদেশ রেলওয়ের নির্বাহী প্রকৌশলীগণ-কে সঠিকভাবে হোল্ডিং নম্বর প্রদান ও বাস্তবভিত্তিক সম্পত্তি ও স্থাপনা বিষয়ে পৌরকর পরিশোধের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। ভূসম্পত্তি বিভাগ হতে বিগত তিন বছরের ভূমি উন্নয়ন কর আদায়ের অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক আগামী মে ২০২৬ এর মধ্যে প্রেরণের জন্য তিনি অনুরোধ জানান।

০৯। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ক) | গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তে কারো আপত্তি না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| (খ) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক ২০২৫-২৬ অর্থবছরের কোয়ার্টার ভিত্তিক রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে, পরিচালন ব্যয়ের গ-১ ফরমে, উন্নয়ন ব্যয়ের গ-২ যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১০৮ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে।<br><br>সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) এর বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার তারিখ জুলাই ২০২৬ এর ২য় সপ্তাহে নির্ধারণ করা হলো এবং এ অনুযায়ী সভার নোটিশ প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। উপসচিব, প্রশাসন-৪ , রেলপথ মন্ত্রণালয়<br>৫। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন<br>৬। প্রকল্প পরিচালক (সকল),বাংলাদেশ রেলওয়ে |
| (গ) | বাংলাদেশ রেলওয়ের যেসকল বাজেট ইউনিট সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) এর রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরম, পরিচালন ব্যয়ের গ-১ ফরম এবং প্রকল্প পরিচালকগণ উন্নয়ন ব্যয়ের গ-২ ফরম প্রেরণ করেনি সেসকল বাজেট ইউনিটকে সঠিকভাবে ফরম পুরণপূর্বক আগামী ১৪ মে ২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত ৬৮ টি আয়ের খাতে সকল বাজেট ইউনিটকে 'এ চালানের' মাধ্যমে দ্রুততম সময়ে (T+O) কোষাগারে জমা দিতে হবে। অনলাইন টিকিট বিক্রির মাধ্যমে প্রাপ্ত অর্থ সহজ-ভিনসেন কে দ্রুততম সময়ের মধ্যে (T+O) টিএসএ তে জমাকরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৪। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৫। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে<br>৬। সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| | বাংলাদেশ রেলওয়ের সকল স্টেশন ভিত্তিক যাত্রী আয়, টিকিট ও জরিমানা আদায়ের অর্থ T+O নীতিতে কোষাগারে (TSA) অতিদ্রুত জমা প্রদান, সহজ-ভিনসেন এর আয় আর্থিক বিধি বিধান অনুযায়ী জমাদান, রেলওয়ের সকল অর্থ ক্যাশলেস মাধ্যমে লেনদেন, কর বহির্ভূত রাজস্ব (Non Tax Revenue) এ চালানে জমা প্রদান বিষয়ে মন্ত্রণালয় গঠিত কমিটিকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>বাংলাদেশ রেলওয়ের এফএ এন্ড সিএও, চট্টগ্রাম ও আইবাস টিম সমন্বয়ে বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থনৈতিক কোড ভিত্তিক 'একাউন্টিং ইন্টিগ্রেশনের' অগ্রগতির উপর যথাশীঘ্র পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করতে হবে। | |
| (ঘ) | সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ বাংলাদেশ রেলওয়ের বেতন-ভাতাদি খাতে যেসকল বাজেট ইউনিটের বাজেট হ্রাস করা হয়েছে প্রকৃত জনবলের উপর ভিত্তি করে দ্রুত পুনঃউপযোজন প্রস্তাব প্রেরণ করতে হবে। পরিচালন ব্যয়ের সকল পুনঃউপযোজন আগামী ৩০ মে ২০২৬ এর মধ্যে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৪। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৫। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন<br>৬। সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (ঙ) | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটকে সংশোধিত ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে ০১ আগস্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে এপিপি, কোয়ার্টারের অর্থনৈতিক কোডভিত্তিক ব্যয় বিবরণী, বিল বিবরণী, ক্রয়ের প্রমাণক ও আইবাস কপি প্রমাণক সহকারে তথ্য প্রেরণ করতে হবে। ৩০ জুন অর্থ সমর্পণ না করে সম্ভাব্য অব্যয়িত অর্থ চাহিদা অনুযায়ী ৪র্থ কোয়ার্টার অর্থ বরাদ্দের সময় পুনঃবরাদ্দ বা পুনঃউপযোজনের মাধ্যমে পরিচালন বিশেষ ব্যয় বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন<br>৫। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (চ) | পরিচালন ব্যয়ের আওতায় আউটসোর্সিং বা টিএলআরখাতভুক্ত পরিচ্ছন্নতাকর্মী, অনবোর্ড সার্ভিস, ড্রাইভার, গেইটকিপার, বা ওয়ার্কশপে শ্রমিক নিযুক্তকরণ প্রতিটি ক্ষেত্রে ব্যাংক একাউন্টে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী শ্রমিকের মজুরি/আউটসোর্সিং সেবাকর্মীর সেবামূল্য সকল বাজেট ইউনিটকে ডিজিটাল পেমেন্ট নিশ্চিত করতে হবে। আউটসোর্সিং বা টিএলআরখাতভুক্ত ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত জনবল বাজেট ইউনিট ভিত্তিক তালিকা ও পেমেন্ট বিবরণী বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। ২০২৬-২৭ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের অস্থায়ী শ্রমিক (টিএলআর) অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে মে ২০২৬ মাসের মধ্যে দ্রুত প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ছ) | বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন বাজেট ইউনিট বিশেষ করে বিভাগীয় প্রকৌশলীগণ-কে সঠিকভাবে হোল্ডিং নম্বর ও বাস্তবভিত্তিক সম্পত্তি/স্থাপনা বিষয়ে যাচাইপূর্বক 'পৌরকর' এর বিল প্রদানের জন্য সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশনের সহিত প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে। ব্যবহার ভিত্তিক 'ভূমি উন্নয়ন কর' নির্ধারণে প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা এবং বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ভূমি অফিসে প্রয়োজনীয় যোগাযোগ করবেন। ভূসম্পত্তি বিভাগ হতে বিগত তিন বছরের ভূমি উন্নয়ন কর আদায়ের অগ্রগতি প্রতিবেদন ও প্রমানক আগামী মে ২০২৬ এর মধ্যে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে<br>৫। বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা (সকল), বাংলাদেশ রেলওয়ে<br>৬। বিভাগীয় প্রকৌশলী (সকল), বাংলাদেশ রেলওয়ে<br>৭। সংশ্লিষ্ট বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (জ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্ব স্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি ০৩ মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যথাসময়ে বাজেট সভা না করার উপযুক্ত কারণ ও ব্যাখ্যা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তাছাড়ও বাজেট বাস্তবায়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে<br>৫। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা<br>৬। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (ঝ) | সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ধারা-১৩, ১৪ ও ১৫ ধারা অনুযায়ী প্রকল্পের বাজেট বিষয়ক বরাদ্দ ছাড়, পুনঃউপযোজন, উন্নয়ন ব্যয়ের আওতাভুক্ত বিভিন্ন প্রকল্পের খাত ভিত্তিক/অর্থনৈতিক কোডভিত্তিক বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত গঠিত পরিবীক্ষণ টিমের সদস্যবৃন্দ পরিবীক্ষণ কার্যক্রম সম্পন্ন করে এর প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন<br>৪। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে |
| (ঞ) | বাংলাদেশ রেলওয়ের সঠিকভাবে বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনে বাজেট ইউনিট সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার লক্ষ্যে মন্ত্রণালয় গঠিত কমিটি প্রয়োজনীয় কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করিবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন |
| (ট) | আইবাস++ সিস্টেমে বা ম্যানুয়ালে A-Challan এর কপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কর্তৃক সংরক্ষণ ও হিসাব নিয়মিতভাবে লেজারে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতি মাসে এর হিসাববিবরণী (Reconcilliation) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |

১০। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাই-কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৪/২০২৬

মো: ফাহিমুল ইসলাম
সচিব
রেলপথ মন্ত্রণালয়

স্মারক নং-৫৪.০০.০০০০.০০০.০৩৪.২০.০০১৩.২৫. ১০১

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩ / ২৯ এপ্রিল ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [(দৃ:আ: যুগ্মসচিব (বাজেট-৫)];
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [(দৃ:আ: উপসচিব (নেড়ডিক অধিশাখা)];
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্মপ্রধান, রেলপরিবহন উইং);
৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ);
৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৭) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৮) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৯) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
১০) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিপ্তর, কমলাপুর, ঢাকা;
১১) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী;
১২) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৩) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৪) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
১৫) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬) সহকারী সচিব (বাজেট শাখা ১/২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৯.০৪.২৬

(মোঃ ফেরদৌস)
সহকারী সচিব
ফোন: ৪১০৫৪১৫৭
ই-মেইল: ime2@mor.gov.bd